



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরী

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
www.rangamati.gov.bd


স্মারক নম্বর- ০৫.৪২.৮৪০০.১০২.০১১.০০১.২০২৩-২৪৩

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩০  
১৮ নভেম্বর ২০২৩

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেওয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল, আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে সেগুলো অপসারণ করার জন্য মাননীয় প্রধান নির্বাচন কমিশনার সিদ্ধান্ত প্রদান করেন। আগামী ২৩ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে ২৯৯ রাজামাটি পার্বত্য জেলার সম্ভাব্য প্রার্থীগণকে নিজ উদ্যোগে অপসারণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখিত সময়ের মধ্যে পোস্টার, ব্যানার, দেওয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প অপসারণ না করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

\* বিষয়টি অতীব জরুরী।


  
১৮.১১.২৩  
(মোহাম্মদ মোশারফ হোসেন খান)  
জেলাপ্রশাসক, রাজামাটি  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
২৯৯ রাজামাটি পার্বত্য জেলা

স্মারক নম্বর- ০৫.৪২.৮৪০০.১০২.০১১.০০১.২০২৩- ২৪৩

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩০  
১৮ নভেম্বর ২০২৩

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৪। পুলিশ সুপার, রাজামাটি পার্বত্য জেলা।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজামাটি পার্বত্য জেলা।
- ৬। জেলা নির্বাচন অফিসার, রাজামাটি পার্বত্য জেলা।
- ৭। জেলা তথ্য অফিসার, রাজামাটি পার্বত্য জেলা। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ৮। মেয়র..... পৌরসভা (সকল), রাজামাটি পার্বত্য জেলা। (অপসারণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
- ৯। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), রাজামাটি পার্বত্য জেলা। (তাকে পত্রখানা সংশ্লিষ্টগণের মধ্যে বিতরণের অনুরোধসহ)
- ১০। উপজেলা নির্বাচন অফিসার (সকল), রাজামাটি পার্বত্য জেলা।
- ১১। অফিসার ইনচার্জ (সকল থানা), রাজামাটি পার্বত্য জেলা।
- ১২। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, ..... উপজেলা, রাজামাটি পার্বত্য জেলা। (অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৩। অফিস কপি।

  
১৮.১১.২৩  
জেলাপ্রশাসক, রাজামাটি

ও  
রিটার্নিং অফিসার